



Bangladesh Madrasah Education Board, Dhaka.
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



নং বামাশিবো/নংপরী/জেডিসি/ ১৬৬৮

তারিখঃ ০১/১১/২০১৭ খ্রিঃ।

২০১৭ সালের জেডিসি পরীক্ষা সংক্রান্ত

জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১ নভেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত জেডিসি পরীক্ষার ১ম দিনে কোন কোন কেন্দ্রের পরীক্ষার্থীরা মোবাইলফোনসহ পরীক্ষা কক্ষে হাতে নাতে ধরা পড়েছেন এবং আরো অনেক কেন্দ্র থেকেও একই ধরনের অভিযোগ পাওয়া গেছে। পরীক্ষার পূর্বে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে সুস্পষ্ট লিখিত নির্দেশনা (কেন্দ্র পরিচালনা নীতিমালা) দেয়া সত্ত্বেও এ ধরনের ঘটনা অত্যন্ত দুঃখজনক এবং “পাবলিক পরীক্ষা অধ্যাদেশ ১৯৮২” অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। সুতরাং চলতি জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা কেন্দ্রে নিম্নবর্ণিত নিয়মাবলী কঠোরভাবে পালনের জন্য কেন্দ্র সচিব ও হল-সুপারসহ সংশ্লিষ্ট সকলকে পুনরায় বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে:-

- ১। পরীক্ষার ৩০ মিনিট পূর্বেই সকল পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষা কক্ষে প্রবেশ নিশ্চিত করতে হবে।
- ২। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতিত পরীক্ষার হলে অন্য কোন শিক্ষক এবং পরীক্ষার্থী মোবাইল ফোন বা অন্য কোন ইলেক্ট্রনিক্স ডিভাইস ব্যবহার করতে পারবে না।
- ৩। পরীক্ষার্থীরা হলে প্রবেশের সময় প্রবেশপত্র, রেজিঃ কার্ড এবং প্রয়োজনীয় সামগ্রী ব্যতিত অন্য কোন অপ্রয়োজনীয় কাগজপত্র বা ইলেক্ট্রনিক্স ডিভাইস বা মোবাইল ফোন সংগে আছে কিনা তা যাচাই করতে হবে। প্রয়োজনে শরীর তল্লাশি করে পরীক্ষার হলে প্রবেশ করাতে হবে। তবে মহিলা পরীক্ষার্থীদের ক্ষেত্রে অবশ্যই মহিলা শিক্ষক/কর্মচারী দ্বারা তল্লাশি করতে হবে।

জেডিসি পরীক্ষা ২০১৭ সুষ্ঠু ও সূচারূপে নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠান নিশ্চিত করার জন্য উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে পালনের ক্ষেত্রে কেন্দ্র পরিচালনা কমিটিসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা যাচ্ছে।

(প্রফেসর এ.কে.এম. ছায়েফ উল্যা)

চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

৫৮৬১০২১৬।

ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)

জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা-২০১৭

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

নং বামাশিবো/নংপরী/জেডিসি/

তারিখঃ ০১/১১/২০১৭ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণঃ

- ১। জেলা প্রশাসক, (সকল)।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)
- ৩। কেন্দ্র তত্ত্বাবধায়ক (সকল)
জেডিসি পরীক্ষা কেন্দ্র-২০১৭।
- ৪। অফিস নথি।

(এস.এম. মের্শেদ বিপুল)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

৫৮৬১০২০২।